# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ১৯তম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩০ আশ্বিন ১৪২৬, ১৫ অক্টোবর ২০১৯

## ঢাবি এবং হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে গত ৫ অক্টোবর ২০১৯ নয়া দিল্লির হায়দ্রাবাদ হাউসে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়ের মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনার শ্রীমতি রিভা গাঙ্গুলী দাস উভয় প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারক স্বাক্ষর এবং বিনিময় করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে গত ৫ অক্টোবর ২০১৯ নয়া দিল্লির হায়দ্রাবাদ হাউসে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের হায়দ্রাবাদ বিশ্ববিদ্যালয়ের মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষর এবং বিনিময় করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনার শ্রীমতি রিভা গাঙ্গুলী দাস উভয় প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারক স্বাক্ষর এবং বিনিময় করেন।

পাঁচ বছর মেয়াদি এই চুক্তি স্বাক্ষরের মূল লক্ষ্য হল উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমতা ও পারস্পরিক সুবিধাদানের ভিত্তিতে শিক্ষা সংক্রান্ত সহযোগিতা বৃদ্ধি করা এবং পারস্পরিক সম্পর্কের আরও উন্নয়ন ঘটানো।

এই সমঝোতা চুক্তির আওতায় সহযোগিতার মূল ক্ষেত্রগুলো হল উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী এবং তথ্য বিনিময় করা, গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত সহযোগিতা করা এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যৌথভাবে সিম্পোজিয়াম ও সম্মেলন আয়োজনা করা।

## প্রধানমন্ত্রীর সঙ্গে উপাচার্যের ভারত সফর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফরসঙ্গী দলের সদস্য হিসেবে গত ৩ অক্টোবর ২০১৯ ভারত গমন করেন। ৩ অক্টোবর থেকে ৫ অক্টোবর ২০১৯ পর্যন্ত দিল্লীতে 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম' আয়োজিত 'ইন্ডিয়া ইকোনমিক সামিট-২০১৯'-এ অংশ গ্রহণের জন্য তিনি প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হন।

গত ৬ অক্টোবর ২০১৯ তিনি দেশে ফিরেন। উপাচার্যের অনুপস্থিতিতে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপাচার্যের রুটিন দায়িত্ব পালন করেন।

## ঢাবি-এ 'বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিচ এন্ড লিবার্টি' প্রতিষ্ঠা করা হবে

মুজিববর্ষকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিচ এন্ড লিবার্টি' শীর্ষক নতুন একটি গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হবে। গত ২৯ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় 'বঙ্গবন্ধু শেখ মুজিব রিসার্চ ইনস্টিটিউট ফর পিচ এন্ড লিবার্টি' প্রতিষ্ঠার জন্য প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদকে আহ্বায়ক করে ৭-সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। সিন্ডিকেট সভায় 'ঢাকা ইউনিভার্সিটি টেকনোলজি ট্রান্সফার অফিস' এবং 'অফিস অব দি ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স' নামে দু'টি অফিস খোলারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

## 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কলা অনুষদভুক্ত 'খ' ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফল গত ১৩ অক্টোবর ২০১৯ প্রকাশিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করেন। এসময় কলা অনুষদের ডিন ও খ-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

খ-ইউনিটের ভর্তি পরীক্ষায় ৪২হাজর ৯শ'৫৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ১০হাজার ১শ' ৮৮জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাশের হার ২৩.৭২%। পরীক্ষার বিস্তারিত ফলাফল (৩য় পৃষ্ঠায় দেখুন)

## ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের গ্র্যাজুয়েশন অনুষ্ঠান

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ)-এর ৫২তম গ্র্যাজুয়েশন অনুষ্ঠান গত ১১ অক্টোবর ২০১৯ বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টার-এ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সৈয়দ ফারহাত আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠানে গ্র্যাজুয়েশন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিজিএমইএ-এর প্রেসিডেন্ট ড. রুবানা হক। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিবিএ'র প্রোগ্রাম কো-অর্ডিনেটর মিস শাকিলা ইয়াসমিন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আইবিএ গ্র্যাজুয়েটদের আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় তথা দেশের সেরা ইনস্টিটিউট হিসেবে আইবিএ'র সুনাম রয়েছে। কর্মক্ষেত্রে বিশেষ করে ব্যবসা খাতে এই ইনস্টিটিউটের গ্র্যাজুয়েটদের সাফল্য অতুলনীয়। তারা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছেন। দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নে তাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিবিএ ২৩তম ব্যাচ, এমবিএ ৫৬তম ও ৫৭তম ব্যাচ, এক্সিকিউটিভ এমবিএ ২৭তম, ২৮তম ও ২৯তম ব্যাচ এবং ডিবিএ প্রোগ্রামের ৩৮৮ শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ডিগ্রি প্রদান করা হয়।

## বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে গত ১০ অক্টোবর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল সেমিনার, গোলটেবিল আলোচনা, র‌্যালি, মানসিক স্বাস্থ্য পরীক্ষা প্রভৃতি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দিনব্যাপী (৪র্থ পৃষ্ঠায় দেখুন)

### ঢাবি 'প্রভোস্ট কমিটি'র সভা

## আবরার ফাহাদের নির্মম হত্যাকাণ্ডের তীব্র নিন্দা ও জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট কমিটির এক সভা উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে গত ৯ অক্টোবর ২০১৯ উপাচার্য ভবনে অনুষ্ঠিত হয়। সভায় বুয়েটের মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদের নির্মম হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জ্ঞাপন এবং এই হত্যাকাণ্ডে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী করা হয়। এছাড়া, আবরার ফাহাদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বা হলগুলোতে কোন মাদকসেবী, মাদককারবারী, মাদকাসক্ত এবং সন্ত্রাসী অবস্থানের সুনির্দিষ্ট তথ্য জানা থাকলে, তা অনতিবিলম্বে সংশ্লিষ্ট হলের প্রভোস্ট ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টরকে অবহিত করতে শিক্ষার্থীদের এবং সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স পরীক্ষা সমাপ্ত হওয়ার ১৫দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে হল ত্যাগ করতে হবে এবং কোন ক্রমেই হলে অবস্থান করতে পারবেনা বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। হল প্রশাসন ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মেধার ভিত্তিতে শূন্য আসনে সিট বরাদ্দ করবে এবং কোন শিক্ষার্থী হল প্রশাসনের অনুমতি ছাড়া হলে উঠতে ও অবস্থান করতে পারবেনা। কেউ এর ব্যত্যয় ঘটালে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। হলের যেসকল কক্ষে অধিক সংখ্যক শিক্ষার্থী অবস্থান করে, সেখানে বাংক বেড স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে।

শিক্ষার্থীদের অধ্যয়নের সুবিধার্থে কেন্দ্রীয় লাইব্রেরির সময়সীমা ইতোমধ্যে রাত ৯টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রয়োজনে কেন্দ্রীয় লাইব্রেরির সময়সীমা আরও বৃদ্ধি এবং বিভাগীয় সেমিনার লাইব্রেরির সময়সীমাও বৃদ্ধি করার বিষয়টি বিবেচনাধীন রয়েছে।

# বঙ্গবন্ধুকে নিয়ে ‘পিতার জন্য গান’ শীর্ষক লিরিক্স প্রতিযোগিতা

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যান্ড সোসাইটি (ডিইউবিএস)- এর উদ্যোগে ‘পিতার জন্য গান’ শীর্ষক এক লিরিক্স প্রতিযোগিতার আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের প্রফেসর হাবিবুল্লাহ কনফারেন্স হলে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

ডিইউবিএস-এর সভাপতি তানভীর আলম ফারাবীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডিইউবিএস-এর মডারেটর সহযোগী অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম, শিরোনামহীন ব্যান্ডের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান এবং সংগীত শিল্পী শফিক তুহিন।

উদ্বোধনী বক্তব্যের শুরুতেই উপাচার্য ১৯৭৫ সালের ১৫ই আগস্টে নির্মমভাবে নিহত সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ পরিবারের নিহত সকল সদস্য এবং বঙ্গবন্ধুকে রক্ষার জন্য সেদিন যারা এগিয়ে এসে প্রাণ বিসর্জন দিয়েছিলেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। ব্যান্ড সোসাইটি’র এই ব্যতিক্রমী উদ্যোগকে সাধুবাধ জানিয়ে উপাচার্য বলেন, একজন ব্যক্তি কতদিন জীবিত ছিলেন বা কতদিন ক্ষমতায় ছিলেন এরচেয়ে বেশি গুরুত্বপূর্ণ হল তিনি দেশের জন্য, মানুষের জন্য এবং সমাজের জন্য কী কী কাজ করলেন। (৩য় পৃষ্ঠায় দেখুন)

# আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৯-২০ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২ অক্টোবর ২০১৯ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এই প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট উত্তর ও দক্ষিণ এই ২ভাগে বিভক্ত হয়ে উত্তর ব্লকে ৪৯টি এবং দক্ষিণ ব্লকে ৩৩টি দল অংশগ্রহণ করে। প্রতি ম্যাচে ‘সেরা খেলোয়ার পুরস্কার’ প্রদান করে ডাকসু। উত্তর ব্লকে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ চ্যাম্পিয়ন এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগ রানার-আপ হয়েছে। দক্ষিণ ব্লকে গণিত বিভাগ চ্যাম্পিয়ন এবং রানার-আপ হয়েছে পদার্থ বিজ্ঞান বিভাগ।

ঢাকা বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. শাহ্ মো. মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুন এবং কেন্দ্রের পরিচালক মো. শাহজাহান আলী। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, ডাকসু’র ভিপি মো. নুরুল হক ও ক্রীড়া সম্পাদক শাকিল আহমেদ তানভীরসহ অন্যান্য নেতৃবৃন্দ, আবাসিক শিক্ষক-শিক্ষার্থী এবং কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# আন্তঃহল সাঁতার প্রতিযোগিতায় অমর একুশে হল ও শামসুন নাহার হল চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৬তম আন্তঃহল সাঁতার প্রতিযোগিতা গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের সুইমিং পুলে অনুষ্ঠিত হয়েছে। ছাত্র বিভাগে অমর একুশে হল এবং ছাত্রী বিভাগে শামসুন নাহার হল চ্যাম্পিয়ন হয়েছে। ছাত্র বিভাগে বিজয় একাত্তর হল রানার-আপ হয়েছে। ছাত্রী বিভাগে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল ও রোকেয়া হল যুগ্মভাবে রানার-আপ হয়েছে। এছাড়া অমর একুশে হলের মো. সাইফুল ইসলাম রাসেল এবং শামসুন নাহার হলের সাদিয়া ইসলাম মোনা সেরা সাঁতারু নির্বাচিত হয়েছেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। প্রতিযোগিতা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুন, অধ্যাপক ড. জেড এম পারভেজ সাজ্জাদ, ঢাকা বিশ্ববিদ্যালয় সাঁতার ও ওয়াটারপোলো কমিটির সভাপতি ড. মোহাম্মাদ হুমায়ুন কবির এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. শাহজাহান আলীসহ বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ঢাবি আন্তঃহল সাঁতার প্রতিযোগিতায় ৯টি হলের ছাত্র ও ছাত্রীদের অংশগ্রহণে মোট ১৩টি ইভেন্ট অনুষ্ঠিত হয়। প্রতিটি ইভেন্টে প্রথম. দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে মেডেল প্রদান করা হয়।

# জনসংযোগ দফতরের পরিচালক মাহমুদ আলম

মাহমুদ আলম

ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতরের পরিচালক হিসেবে মাহমুদ আলমকে নিয়োগ দেওয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে সম্প্রতি সিন্ডিকেটের এক সভায় এই নিয়োগ প্রদান করা হয়। এরআগে, উচ্চ পর্যায়ের এক সিলেকশন কমিটি তাকে পরিচালক পদে নিয়োগের সুপারিশ করে। এর মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান সকল কর্মকর্তার মধ্যে দ্বিতীয় ব্যক্তি হিসেবে তিনি অফিস প্রধানের শূন্য পদের বিপরীতে নিয়োগ পেলেন।

উল্লেখ্য, মাহমুদ আলম গত ১২ নভেম্বর ২০১৮ থেকে জনসংযোগ দফতরে ভারপ্রাপ্ত পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন।

প্রসঙ্গত, মাহমুদ আলম ১৯৮৬ সালে জনসংযোগ দফতরে রিপোর্টার হিসেবে যোগদান করেন। পরবর্তীতে তিনি সিনিয়র রিপোর্টার, সহকারী পরিচালক এবং উপ-পরিচালক পদে পদোন্নতি পান। প্রায় এক দশক ধরে তিনি ‘ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা’র সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি সাহিত্যে ১৯৮২ সালে বিএ (সম্মান) এবং ১৯৮৩ সালে এমএ ডিগ্রি অর্জন করেন। একই বিশ্ববিদ্যালয় থেকে তিনি রাষ্ট্রবিজ্ঞানে এমএসএস এবং এলএলবি ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি দর্শন বিষয়েও এমএ ডিগ্রি লাভ করেন।

মাহমুদ ১৯৭৯ সালে ছাত্রাবস্থায় জাতীয় ইংরেজি দৈনিক ‘দি নিউ নেশন’ পত্রিকায় সাংবাদিকতা শুরু করেন। ১৯৯৫ সাল পর্যন্ত তিনি এ পত্রিকায় স্টাফ রিপোর্টার, সাব-এডিটর, শিফ্ট ইন-চার্জ এবং ক্যাম্পাস পেইজ এডিটর হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি ইংরেজি দৈনিক ‘দি ইন্ডিপেনডেন্ট’ ও ‘দি বাংলাদেশ অবজারভার’-এ রিপোর্টিং সেকশনে প্রায় ১২ বছর যাবৎ সাংবাদিকতা করেন।

মাহমুদ আলম যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, ফ্রান্স, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, জাপান, জার্মানী, নেদারল্যান্ডস, বেলজিয়াম, স্পেন, বুলগেরিয়া, চীন, তুরস্ক, সৌদি আরব, দক্ষিণ কোরিয়া, ফিলিপাইন, হংকং, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, মালয়েশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশ সফর করেন। তিনি ১৯৬২ সালে পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার উত্তর সুবিদখালী গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি সুবিদখালী পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রয়াত শিক্ষক মোতাহার উদ্দিন এবং প্রয়াত আনোয়ারা বেগমের দ্বিতীয় পুত্র।

# সত্যপ্রিয় মহাথের-এর মৃত্যুতে শোক প্রকাশ

সংঘরাজ ভিক্ষু মহাসভার প্রাক্তন সভাপতি ও একুশে পদকপ্রাপ্ত বৌদ্ধধর্মীয় গুরু সত্যপ্রিয় মহাথের-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৫ অক্টোবর ২০১৯ এক শোকবাণীতে উপাচার্য বলেন, তিনি সারাজীবন মানবতার সেবা করে গেছেন। ১৯৭১ সালে আমাদের মহান মুক্তিযুদ্ধের সময় রামু বিহারে ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে আশ্রয় দিয়ে মহানুভবতার পরিচয় দিয়েছেন। মানবতার সেবার কারণে তিনি দেশবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্য ও ভক্ত-অনুরাগীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, সত্যপ্রিয় মহাথের গত ৪ অক্টোবর ২০১৯ রাজধানীর একটি হাসপাতালে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৯ বছর।

# ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশীপ সেন্টারের বিশেষ সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশীপ সেন্টারের ১ম বর্ষ পূর্তি উদ্যাপনের অংশ হিসেবে গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে “উদ্ভাবক ও উদ্যোক্তাদের গল্প” শীর্ষক এক বিশেষ সেমিনারের আয়োজন করা হয়। ‘সৃজনশীল ও উদ্ভাবনমুখী উদ্যোগী বাংলাদেশ বিনির্মাণে’ প্রতিপাদ্য নিয়ে আয়োজিত সেমিনারে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুপারনিউমারারি অধ্যাপক ও সেন্টারের সহ-সভাপতি ড. খন্দকার বজলুল হক। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক), এমপি। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমসিসিআই’র সভাপতি ব্যারিস্টার নিহাদ কবির এবং ডিসিসিআই’র সভাপতি ওসামা তাসীর। অনুষ্ঠান সঞ্চালনা করেন সেন্টারের নির্বাহী পরিচালক ও ব্যবসায় শিক্ষা অনুষদের সহযোগী অধ্যাপক মো. রাশেদুর রহমান। সেমিনারে অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন ঢাবি বায়োমেডিক্যাল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের অনারারি অধ্যাপক ড. খন্দকার সিদ্দিক-ই-রাব্বানী, প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. জেবা ইসলাম সিরাজ, অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি ও লিডারশিপ বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আবদুল মঈন এবং প্রধানমন্ত্রীর বিশেষ সহকারি ব্যারিস্টার শাহ আলী ফরহাদ। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের প্রায় পাঁচ শতাধিক শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী, এমপি তার বক্তব্যে স্বাধীনতার উত্তর ও স্বাধীনতা পরবর্তী সময়ে বাংলাদেশের অর্থনীতি ও শ্রমবাজারের আকার ও প্রকৃতির ব্যাপক পরিবর্তনের দিকটি তুলে ধরেন। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে নতুন অর্থনৈতিক উৎকর্ষের পথ ধরে ২০৪১ সালের পূর্বেই বাংলাদেশ উন্নত দেশ হিসেবে আত্মপ্রকাশ করতে সক্ষম হবে। উদ্যোক্তাদের চলার পথটি সহজ করতে তিনি ব্যাংকসমূহকে ‘সিংগেল ডিজিট’ বা একক অংকের সুদের হার নির্ধারণের উপর গুরুত্বারোপ করেন।

# জগন্নাথ হলে সনাতন বিদ্যার্থী সংসদের নবীনবরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় সনাতন বিদ্যার্থী সংসদের নবীনবরণ, কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ২৭ সেপ্টেম্বর ২০১৯ জগন্নাথ হল উপাসনালয়ে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অনুষ্ঠানমালার উদ্বোধন করেন। জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিহির লাল সাহার সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন পংকজ নাথ, এমপি। এছাড়া, অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন হলের সাবেক প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম সরকার, সংস্কৃত বিভাগের চেয়ারপার্সন নমিতা মন্ডল, আইন বিভাগের সহযোগী অধ্যাপক গোবিন্দ চন্দ্র মন্ডল, আবাসিক শিক্ষক তাপস কুমার বিশ্বাস এবং হল সংসদের সাধারণ সম্পাদক কাজল দাস।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সনাতন বিদ্যার্থী সংসদের নবীন সদস্যদের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ অসাম্প্রদায়িক চেতনার একটি উৎকৃষ্ট স্থান। এখানে সকল ধর্মের ও বর্ণের শিক্ষক-শিক্ষার্থীরা মিলেমিশে জ্ঞান চর্চা করেন। নিজেদের ধর্মকে শ্রদ্ধা করার পাশাপাশি অন্য ধর্মের মানুষের প্রতি শ্রদ্ধা করার মুল্যবোধ সনাতন বিদ্যার্থী সংসদের সদস্যদের মধ্যে সর্বদা বিরাজ করবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানের শুরুতে মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন এবং স্মরণিকা ‘স্বস্তিকা’-এর মোড়ক উন্মোচন করা হয়। অনুষ্ঠানের শেষে মঞ্চস্থ হয় নাটক ‘কমলাকান্তের জবানবন্দী’।

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৯-২০ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২ অক্টোবর ২০১৯ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ছবিতে উপাচার্যের সাথে দক্ষিণ ব্লকের চ্যাম্পিয়ন দলের খেলোয়ারদের দেখা যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় পপুলেশন সায়েন্সেস বিভাগ এবং এসএনভি নেদারল্যান্ডস ডেভেলপমেন্ট অর্গানাইজেশন-এর যৌথ উদ্যোগে “Sexual and Reproductive Health and Rights (SRHR)” শীর্ষক দিনব্যাপী এক জাতীয় সম্মেলনের সমাপনী অনুষ্ঠান গত ১৭ সেপ্টেম্বর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। পপুলেশন সায়েন্সেস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মঈনুল ইসলামের সভাপতিত্বে সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মিজ মুশফিকা জামান সাতিয়ার এবং মিজ ফারথিবা রাহাত খান।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

## অস্ট্রেলিয়ার প্রতিনিধিদল

অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট ও সিনিয়র ডেপুটি ভাইস-চ্যান্সেলর এলিস্টার ডসন-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৯ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের সদস্যরা হলেন- একই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. লি ডিমিলিয়া এবং অধ্যাপক ড. কামরুল আলম। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির যৌথ তত্ত্বাবধানে দ্বৈত পিএইচ ডি প্রোগাম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও সম্প্রসারণের ওপর তারা গুরুত্বারোপ করেন। প্রতিনিধি দলের সদস্যরা সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটিতে উচ্চশিক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষক ও শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে ঢাকায় 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা' শীর্ষক দু'দিন ব্যাপী আন্তজার্তিক সম্মেলন আয়োজনের ব্যাপারে তারা মত বিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

অস্ট্রেলিয়ার সেন্ট্রাল কুইন্সল্যান্ড ইউনিভার্সিটির ভাইস-প্রেসিডেন্ট ও সিনিয়র ডেপুটি ভাইস-চ্যান্সেলর এলিস্টার ডসন-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৯ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

# উপাচার্যের সাথে ডিএমপি কমিশনারের সাক্ষাৎ

ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো: শফিকুল ইসলাম গত ১৪ অক্টোবর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর বাসভবনে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় অন্যান্যের মধ্যে পুলিশের কাউন্টার টেরোরিজম ইউনিটের প্রধান মো. মনিরুল ইসলাম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা নিয়ে আলোচনা করেন। ডিএমপি কমিশনার মো: শফিকুল ইসলাম ক্যাম্পাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সর্বদা সুষ্ঠু রাখার জন্য উপাচার্যকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং সৌজন্য সাক্ষাতের জন্য ডিএমপি কমিশনারকে আন্তরিক ধন্যবাদ জানান।

# বঙ্গবন্ধুকে নিয়ে 'পিতার জন্য গান'

(২য় পৃষ্ঠার পর) বঙ্গবন্ধু ছিলেন এমনই একজন মহান ব্যক্তি যিনি সারাজীবন দেশের জন্য, মানুষের জন্য ও সমাজের জন্য কাজ করে গেছেন। সংগীতের মাধ্যমে বঙ্গবন্ধুর আদর্শ ও দর্শন ধারণ করার এরকম সৃজনশীল উদ্যোগ অত্যন্ত সময়োপযোগী এবং একটি উত্তম পন্থা। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যান্ড সোসাইটির এই উদ্যোগের মধ্য দিয়ে নবীন প্রজন্মের শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীলতার অসাধারণ বহিঃপ্রকাশ ঘটবে এবং তারা এর মাধ্যমেও বঙ্গবন্ধু ও তাঁর আদর্শ ধারণ করবে বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, এই প্রতিযোগিতা আগামী ১৫ নভেম্বর ২০১৯ পর্যন্ত চলবে। প্রতিযোগিতায় শ্রেষ্ঠ লিরিক্স রচয়িতাকে পুরস্কৃত করা হবে এবং সেটি নিয়ে বঙ্গবন্ধুর উপর একটি গান রচনা করা হবে। এতে বিচারকের দায়িত্ব পালন করবেন 'শিরোনামহীন ব্যান্ড'-এর প্রতিষ্ঠাতা ও বেজ গিটারিস্ট জিয়াউর রহমান এবং সংগীত শিল্পী শফিক তুহিন।

ঢাকা বিশ্ববিদ্যালয় নাট্য সংসদের উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে গত ১ অক্টোবর ২০১৯ থেকে শুরু হয় ৩দিনব্যাপী 'ঢাকা বিশ্ববিদ্যালয় নাট্য সংসদ নাট্যোৎসব-২০১৯'। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই নাট্যোৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। নাট্য সংসদের সভাপতি মো. সানোয়ারুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল, এম পি। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. আহমেদুল কবির। উদ্বোধনী দিনে মঞ্চস্থ হয় নাটক 'ইনডেমনিটি'।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের বিশেষ শিক্ষা বিভাগের উদ্যোগে "Advanced Course on Disability, Autism and Inclusive Education" শীর্ষক কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ২০ সেপ্টেম্বর ২০১৯ ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতারের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এছাড়া, অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিভাগীয় চেয়ারম্যান ও কোর্স কো-অর্ডিনেটর ড. মুহাম্মদ মাহবুবুর রহমান, অধ্যাপক ড. মোহাম্মদ তারিক আহসান এবং অধ্যাপক ড. দিবা হোসেন।

# ন্যাশনাল মডেল ইউএন কনফারেন্স

ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে "Reducing Global Inequalities by Bolstering Trade Development" শীর্ষক ৩দিন ব্যাপী ন্যাশনাল মডেল ইউএন কনফারেন্স গত ১২ অক্টোবর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কনফারেন্স উদ্বোধন করেন।

ঢাকা ইউনিভার্সিটি ন্যাশনাল মডেল ইউনাইটেড নেশন্স-এর মহাসচিব চৌধুরী মুজাদ্দিদ আহমেদের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ইউএনআইডিও'র প্রতিনিধি ড. জাকি উজ জামান, ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের মডারেটর অধ্যাপক ড. দেলোয়ার হোসেন এবং অ্যাসোসিয়েশনের সাবেক প্রেসিডেন্ট মুহাম্মদ মামুন মিয়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষা, গবেষণা, ব্যবসা-বাণিজ্যসহ সমাজের সকল ক্ষেত্রে বৈষম্য নিরসনে কার্যকর ভূমিকা পালনের জন্য তরুণ সমাজের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় তরুণদের প্রযুক্তি বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে। বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করতে তিনি তারুণ্যের শক্তিকে যথাযথভাবে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, বিশ্বের বিভিন্ন দেশের প্রায় ৫শ' শিক্ষার্থী এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

# জহুরুল হক হলে পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচি পালন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উপলক্ষ্যে গত ০৫ অক্টোবর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের 'শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে' এক পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচির আয়োজন করা হয়। হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেনের নেতৃত্বে এই কর্মসূচিতে হলের আবাসিক শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ ও হল সংসদের নেতৃবৃন্দসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেন নিয়মিত এই কর্মসূচি পালন ও ছাত্রদের সচেতনার মাধ্যমে হলের সার্বিক পরিবেশ সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

ঢাকা ইউনিভার্সিটি মডেল ইউনাইটেড নেশন্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে "Reducing Global Inequalities by Bolstering Trade Development" শীর্ষক ৩দিন ব্যাপী ন্যাশনাল মডেল ইউএন কনফারেন্সের সমাপণী অনুষ্ঠান গত ১৪ অক্টোবর ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। এতে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, ঢাকাস্থ জাপান দূতাবাসের জনসংযোগ ও সংস্কৃতি বিষয়ক সচিব মাচিকো ইয়ামামুরা এবং ড. মো. মনিরুজ্জামান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

# 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

(১ম পৃষ্ঠার পর)

admission.eis.du.ac.bd ওয়েবসাইটে জানা যাবে। এছাড়া, যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে DU KHA <roll no> টাইপ করে ১৬৩২১ নম্বরে send করে ফিরতি SMS-এ ফলাফল জানা যাবে।

উল্লেখ্য, গত ২১ সেপ্টেম্বর ২০১৯ শনিবার এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। কলা অনুষদের অধীন খ-ইউনিটে মোট আসন সংখ্যা রয়েছে ২হাজার ৩শ' ৭৮টি।

উত্তীর্ণ ১ থেকে ৬০০০ মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী ১৬ অক্টোবর ২০১৯ বিকাল ৫টা থেকে ৩১ অক্টোবর ২০১৯ বিকাল ৪টা পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ১৬ অক্টোবর ২০১৯ থেকে ২৩ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে কলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে একই অফিসে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ১৬ অক্টোবর ২০১৯ থেকে ২৩ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে কলা অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

# 'অফিস অব দি ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স'-এর পরিচালক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ

ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'অফিস অব দি ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স' নামে একটি নতুন অফিস খোলা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ২ অক্টোবর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদকে এই নতুন অফিসের পরিচালক (অনারারি) হিসেবে নিয়োগ প্রদান করেছে।

উল্লেখ্য, গত ২৯ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় এই অফিস খোলার সিদ্ধান্ত নেয়া হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের তিন দিনব্যাপী বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা প্রদান-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ৩ অক্টোবর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই তাঁবুবাস ও দীক্ষা প্রদান অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে বাংলাদেশ রোভার স্কাউট গ্রুপের সম্পাদক ও প্রধান স্কাউট লিডার অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব উপস্থিত ছিলেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী, মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়কে একটি পরিচ্ছন্ন ও নান্দনিক ক্যাম্পাস নির্মাণ করার লক্ষ্যে প্রতিমাসের ১ম সপ্তাহ 'ক্লিন ক্যাম্পান উইক' হিসেবে পালন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় গত ০৬ অক্টোবর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের 'রোকেয়া হলে' এক পরিস্কার পরিচ্ছন্নতা ও ডেঙ্গু মশা নিধন কর্মসূচির আয়োজন করা হয়। হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদার নেতৃত্বে এই কর্মসূচিতে হলের আবাসিক শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ ও হল সংসদের নেতৃবৃন্দসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

# উপাচার্যের জগন্নাথ হল পূজামণ্ডপ পরিদর্শন

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৭ অক্টোবর ২০১৯ জগন্নাথ হলের পূজামণ্ডপ পরিদর্শন করেন। এসময় অন্যান্যের মধ্যে জগন্নাথ হল সর্বজনীন পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি ও হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিহির লাল সাহা, হলের আবাসিক শিক্ষকবৃন্দ এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সর্বজনীন শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বলেন, জগন্নাথ হল একটি ঐতিহ্যবাহী হল। এই হলে বর্ণাঢ্যভাবে প্রতিবছর শারদীয় দুর্গোৎসব পালিত হয়ে থাকে। এই উৎসব সম্প্রীতির উৎসব। সকল ধর্মের মানুষের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে অসাম্প্রদায়িক চেতনায় দেশ সমৃদ্ধির দিকে এগিয়ে যাচ্ছে। তিনি এই দুর্গোৎসবে সকলের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল সর্বজনীন পূজা উদ্‌যাপন কমিটির উদ্যোগে গত ২৮ সেপ্টেম্বর ২০১৯ থেকে হল প্রাঙ্গণে এই সর্বজনীন শারদীয় দুর্গোৎসব শুরু হয়। বিজয়াদশমী পূজা সমাপন ও প্রতিমা বিসর্জনের মাধ্যমে এই উৎসব শেষ হয়।

# পেট্রোলিয়াম বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা

ঢাকা বিশ্ববিদ্যালয় ভূতত্ত্ব বিভাগ, গ্রীন পাওয়ার লিমিটেড এবং ব্রুনাইয়ের ডাইমেনশন স্ট্রাটা কোম্পানি লিমিটেড-এর যৌথ উদ্যোগে "Petroleum Geo-science Skills Development" শীর্ষক দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা গত ১০ অক্টোবর ২০১৯ অধ্যাপক এমএ লতিফ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই কর্মশালার উদ্বোধন করেন।

ভূতত্ত্ব বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এম আজিজ হাসানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ব্রুনাইয়ের হাই কমিশনার হাজী হারিস বিন হাজী ওসমান এবং ঢাকা বিশ্ববিদ্যালয় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। ব্রুনাইয়ের ডাইমেনশন স্ট্রাটা কোম্পানি লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ রেদওয়ান হাজী মো. ইউসুফ এবং কারিগরি পরিচালক ড. এ কে এম এহসানুল হক মূল প্রবন্ধ উপস্থাপন করেন। গ্রীন পাওয়ার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শেখ এহসানুল হাবীব ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের জ্বালানি খাতের উন্নয়নে পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। এই প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে পেট্রোলিয়াম খাতের বিশেষজ্ঞগণ অনেক উপকৃত হবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

ব্রুনাইয়ের হাই কমিশনার হাজী হারিস বিন হাজী ওসমান বলেন, ব্রুনাই সরকার জ্বালানী খাতের উন্নয়নে বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে চায়। এ লক্ষ্যে ইতোমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়, গ্রীন পাওয়ার লিমিটেড এবং ব্রুনাইয়ের ডাইমেনশন স্ট্রাটা কোম্পানি লিমিটেড-এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, বাংলাদেশের বিভিন্ন পেট্রোলিয়াম কোম্পানী ও সংস্থার পেশাজীবীগণ দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

# বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালিত

(১ম পৃষ্ঠার পর) এসব কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এবছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে 'মানসিক স্বাস্থ্য উন্নয়ন ও আত্মহত্যা প্রতিরোধ'।

ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতি (বিপিএ) আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন তথ্য প্রতিমন্ত্রী মো. মুরাদ হাসান, এমপি। ঢাকা বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. মাহফুজা খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে 'আত্মহত্যা প্রতিরোধ' বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন বিপিএ'র সভাপতি অধ্যাপক ড. মুহাম্মাদ মাহমুদুর রহমান। প্রবন্ধের উপর আলোচনা করেন বাংলাদেশ মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান কাজী রিয়াজুল হক। এছাড়া, অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, বিপিএ'র মহাসচিব অধ্যাপক ড. মো. শামসুদ্দীন ইলিয়াস এবং অনুষ্ঠানের আহ্বায়ক ফারুকুল ইসলাম।

এ উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর এবং এডুকেশনাল ও কাউন্সেলিং সাইকোলজি বিভাগের যৌথ উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে স্থাপিত প্রদর্শনী স্টলে সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহ্‌জাবীন হক।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, মানসিক স্বাস্থ্য ও শারীরিক স্বাস্থ্য ভাল না থাকলে পরিপূর্ণভাবে সুস্থ ও ভালো থাকা সম্ভব নয়। মানসিক অশান্তি ও হতাশার কারণে কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীসহ অনেকে আত্মহত্যার পথ বেছে নেয় উল্লেখ করে উপাচার্য বলেন, এ বিষয়ে সমাজ ও পরিবারে সচেতনতা বাড়াতে হবে। মানসিক স্বাস্থ্য সুরক্ষায় সমাজের সব শ্রেণি-পেশার মানুষদের মধ্যে সচেতনতা বৃদ্ধি ও বিবেকবোধ জাগ্রত করতে হবে বলে উপাচার্য উল্লেখ করেন।

উল্লেখ্য, প্রদর্শনী স্টলে মানসিক স্বাস্থ্য পরীক্ষাসহ বিভিন্ন বিষয়ে কাউন্সেলিং সেবা প্রদান করা হয়। এছাড়া, মধ্যাহ্ন বিরতির পর বিপিএ'র আয়োজনে ছিল ২টি ওরিয়েন্টেশন সেশন ও গোলটেবিল আলোচনা। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ ছাড়াও জনপ্রতিনিধি ও সরকারের প্রশাসন সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। এ উপলক্ষ্যে সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে ক্যাম্পাসে একটি র‍্যালি বের করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগের শিক্ষার্থীদের স্বাস্থ্য বীমার আওতায় আনার উদ্দেশ্যে ক্রিমিনোলজি বিভাগ এবং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের মধ্যে গত ১২ সেপ্টেম্বর ২০১৯ একটি চুক্তি স্বাক্ষরিত হয়। বিভাগে অনুষ্ঠিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান, বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ এবং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মো. রফিকুল আলম ভূইয়াসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের বার্ষিক পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় 'ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ'-এর বার্ষিক পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান গত ১৬ সেপ্টেম্বর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বার্ষিক ক্রীড়া ও অন্যান্য প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মিসেস সেলিনা বানুর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাধ্যক্ষ মিসেস সেলিনা আক্তার, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতার এবং নাইম আহমেদ খান। অনুষ্ঠানের শুরুতে ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীরা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের অভিনন্দন জানিয়ে বলেন, শিক্ষার সাথে খেলাধুলা ও সংস্কৃতি চর্চাসহ নানাবিধ বিষয়ের মিশ্রণ থাকা দরকার। শিক্ষার্থীরা সহ-শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক উদারনৈতিক সমাজ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উপাচার্য ভাল শিক্ষার্থী ও সুনাগরিক হয়ে গড়ে উঠতে খেলাধুলা ও সংস্কৃতি চর্চার উপর গুরুত্বারোপ করে আরও বলেন, এ ব্যাপারে অভিভাবকদের সচেতনতা ও আগ্রহে শিশুরা সামনে এগিয়ে যাবে। তিনি ক্ষুদে শিক্ষার্থীদের সাংস্কৃতিক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন।

# রোভার স্কাউট গ্রুপের বার্ষিক দীক্ষা প্রদান অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের বার্ষিক দীক্ষা প্রদান অনুষ্ঠান গত ৫ অক্টোবর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এসময় বাংলাদেশ রোভার স্কাউট গ্রুপের সম্পাদক ও প্রধান স্কাউট লিডার অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব, স্কাউট ব্যক্তিত্ব অধ্যাপক এনামুল হক খান এলটি, রোভার স্কাউট গ্রুপের কোষাধ্যক্ষ ও রোভার স্কাউট লিডার মাহমুদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তিন-দিনব্যাপী রোভার স্কাউট গ্রুপের বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা প্রদান অনুষ্ঠান গত ৩ অক্টোবর ২০১৯ শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই তাঁবুবাস ও দীক্ষা প্রদান অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

**সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক** (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম তাসমিন ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫